ইত্তেফাক

তারিখ ৮।১।৬৯
পৃষ্ঠা ৩ কলাম ৫

012

# শিক্ষাবর্ষের শুরুতেই—

ইত্তেফাকের বরিশাল সংবাদদাতা জানান, প্রাথমিক শিক্ষকদের ধর্মঘটের কারণে শিক্ষাবর্ষের শুরুতেই সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ রহিয়াছে। কয়েকটি বিদ্যালয়ে পরীক্ষার ফল এখনও ঘোষণা করা হয় নাই। এদিকে ডিসেম্বর হইতে ছাপাখানা কর্মীদের অব্যা ত ধর্মঘটের ফলে সাপ্তাহিক পত্রিকাসহ সব-রকম প্রকাশনা বন্ধ।

নড়াইল হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, কেন্দ্রীয় প্রাথমিক শিক্ষক সমিতির ডাকে নড়াইল মহকুমার প্রাথমিক শিক্ষকরা গত ২৫শে ডিসেম্বর হইতে ধর্মঘট পালন করিয়া আসিতেছেন। ৩রা জানুয়ারী হইতে মহকুমার সকল প্রাথমিক বিদ্যালয়ে তালা ঝুলিতেছে।